

রাশিয়া সফর শেষে দেশে ফিরেছেন নৌপ্রধান

রাশিয়ায় পাঁচ দিনের সরকারী সফর শেষে দেশে ফিরেছেন নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ, ওএসপি, বিসিজিএম, এনডিসি, পিএসসি। বৃহস্পতিবার (০৩-০৮-২০১৭) তিনি দেশে ফেরেন। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে সহকারী নৌবাহিনী প্রধান (অপারেশন্স) এবং নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা নৌপ্রধানকে স্বাগত জানান। উল্লেখ্য, নৌপ্রধান গত ৩০ জুলাই 'রাশিয়ার নৌবাহিনী দিবস' পালন উপলক্ষে সেন্ট পিটার্সবার্গে আয়োজিত কুচকাওয়াজ ও সমুদ্র মহড়া পরিদর্শন অনুষ্ঠানে যোগদান করেন।



'রাশিয়ার নৌবাহিনী দিবস' পালন উপলক্ষে সেন্ট পিটার্সবার্গে আয়োজিত কুচকাওয়াজ ও সমুদ্র মহড়া পরিদর্শন অনুষ্ঠানে অন্যান্য দেশের প্রতিনিধিদের সাথে সন্ত্রীক নৌবাহিনী প্রধান।

সেন্ট পিটার্সবার্গে অনুষ্ঠিত উক্ত কুচকাওয়াজ ও মহড়ায় যোগ দেন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, প্রতিরক্ষামন্ত্রী সের্গেই শোইগুসহ নৌবাহিনীর কমান্ডার ইন চিফ ভ্লাদিমির কোরোলভ। এছাড়া উক্ত অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বাংলাদেশসহ বিভিন্ন দেশের নৌবাহিনী প্রধানগণ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশ নেন। এসময় অতিথিরা রাশিয়ার নৌ শক্তির প্রদর্শনী উপভোগ করেন।



'রাশিয়ার নৌবাহিনী দিবস' পালন উপলক্ষে সেন্ট পিটার্সবার্গে আয়োজিত কুচকাওয়াজ ও সমুদ্র মহড়া পরিদর্শন অনুষ্ঠানে অন্যান্য দেশের প্রতিনিধিদের সাথে সন্ত্রীক নৌবাহিনী প্রধান।

রাশিয়া তার বিশাল ভূখন্ডের চারটি অঞ্চলে এই নৌ সমরসজ্জা প্রদর্শন করে। কুচকাওয়াজ ও মহড়ায় বাল্টিক, কৃষ্ণ সাগর, নর্দান ও প্যাসিফিক বহরের পাঁচ হাজারের বেশি রুশ নাবিকসহ ৫০টি যুদ্ধজাহাজ, সাবমেরিন ও ৪০টি যুদ্ধবিমান অংশগ্রহণ করে। এটি রাশিয়ার ইতিহাসে সবচেয়ে বড় নৌ শক্তির মহড়া হিসেবে উল্লেখ করা হয়। উল্লেখ্য, ১৯৩৯ সালের ২৪ জুলাই রুশ নৌবাহিনী প্রতিষ্ঠার পর থেকে প্রতিবছর নৌ দিবস হিসেবে দিনটি পালন করা হলেও ১৯৮০ সাল থেকে জুলাই মাসের শেষ রবিবার দিনটি পালিত হচ্ছে।

রাশিয়া সফরকালে নৌপ্রধান দেশটির নৌবাহিনীর কমান্ডার-ইন-চিফ এডমিরাল ভ্লাদিমির কোরোলভসহ উক্ত অনুষ্ঠানে আগত বিভিন্ন দেশের প্রতিনিধিদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এছাড়া তিনি রাশিয়ার নৌবাহিনীর দুটি যুদ্ধজাহাজ পরিদর্শন করেন। উক্ত সফরে স্ত্রীসহ নৌবাহিনী প্রধান ও তার সফরসঙ্গী একজন কর্মকর্তা গত ২৭ জুলাই রাশিয়া সফরের উদ্দেশ্যে বাংলাদেশ ত্যাগ করেন।